ইত্তেফাক

তারিখ ... ৩১।১০।৮৩ ...
পৃষ্ঠা ... ... ... কলাম ...

৩১।১০।৮৩ ইত্তেফাক

016

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অধ্যক্ষের অফিস
## কলেজ অব টেক্সটাইল টেকনোলজি
## তেজগাঁও ঢাকা—৮

শিক্ষা বর্ষ-১৯৮৩-৮৪ ইং।

# ভর্তির বিজ্ঞপ্তি

কলেজ অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এণ্ড টেকনোগজিতে ১৯৮৩-৮৪ শিক্ষা বর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪ (চার) বৎসর মেয়াদী বি, এস, সি, ইন টেক্সটাইল টেকনোলজি কোর্সে মোট ৫০টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অত্র কলেজ কর্তৃপক্ষের সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

<u>ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :—</u>

১। প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের নাগরিক/স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। ১৯৮২ সাল বা তার পরবর্তী বৎসরসমূহে যারা উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাস করেছে তাহারা নীচের (৩) ও (৪) নং শর্ত পূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

৩। বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় দ্বিতীয় বিভাগে পাস এবং গ্রেস নম্বর বাদে কমপক্ষে ৫০% নম্বর পেয়ে থাকতে হবে অথবা তার সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেডে পেয়ে থাকতে হবে।

৪। বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কমপক্ষে ৫০%নম্বর পেয়ে দ্বিতীয় বিভাগে পাস হতে হবে এবং গণিত, পদার্থ ও রসায়নে গড়ে কমপক্ষে ৫৫% নম্বর এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদা ভাবে কমপক্ষে ৫০% নম্বর পেতে হবে অথবা সমমানের পরীক্ষায় পাস এবং উক্ত বিষয়গুলিতে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে থাকতে হবে। ভর্তি হইতে ইচ্ছুক অনিয়মিত প্রার্থীগণকে উপরোক্ত প্রতিটি ক্ষেত্রে ৫৫% নম্বর পাইতে হইবে।

<u>দরখাস্ত করার নিয়ম ঃ—</u>

অধ্যক্ষের অফিস হতে নগদ পাঁচ টাকা প্রদান করে ভর্তি ফরম সরাসরি গ্রহণ করা যাবে অথবা অধ্যক্ষ (Premcipal) এর নামে অফেরৎ যোগ্য পাঁচ টাকার ব্যাঙ্ক ড্রাফট এবং নিজ ঠিকানা সহ এক টাকা পঞ্চাশ পয়সার (১.৫০) ডাক টিকিটে সম্বলিত ১০" × ৪½" সাইজের খাম পাঠাইলে ভর্তি ফরম ডাকযোগে পাঠানো হবে। ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে তার সাথে নিম্ন লিখিত দলিলাদি সহ দরখাস্তটি নির্ধারিত তারিখের মধ্যে অধ্যক্ষের নিকট পৌঁছাতে হবে। খামের উপরে "ভর্তির আবেদন পত্র" কথাটি উল্লেখ থাকতে হবে।

<u>আবেদন পত্রের সহিত নিম্নে বর্ণিত দলিলাদি দাখিল করতে হবে ঃ—</u>

১। এস, এস, সি এবং এইচ, এস, সি, পরীক্ষা অথবা সমমানের পরীক্ষা পাসের সার্টিফিকেটের সত্যায়িত কপি। ইহার অবর্তমানে যে স্কুল বা কলেজ হইতে পাস করিয়াছে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রাপ্ত সনদ পত্রের সত্যায়িত কপি।

২। বোর্ড হইতে প্রাপ্ত এস, এস, সি এবং এইচ, এস, সি, পরীক্ষা অথবা সমমানের পরীক্ষায় নম্বর তালিকার সত্যায়িত কপি।

৩। সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করিয়াছে সে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে চারিত্রিক সনদপত্র।

৪। ভর্তি পরীক্ষার ফি হিসাবে, অধ্যক্ষ, কলেজ অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এণ্ড টেকনোলজি, তেজগাঁও, ঢাকা ৮ এর অনুকূলে ২০/- (বিশ) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দরখাস্তের সহিত জমা দিতে হবে।

(৫) পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ফটো।

<u>দরখাস্ত গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময় সূচী ঃ—</u>

১। ভর্তির আবেদনপত্র সরাসরি অথবা ডাকে অধ্যক্ষের নিকট পৌঁছানোর শেষ তারিখ ৩০শে অক্টোবর '৮৩ রবিবার বিকাল ২ ঘটিকা পর্যন্ত।

২। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নাম ও ক্রমিক নম্বর ঘোষণার তারিখ ৮ই নভেম্বর '৮৩ মঙ্গলবার বিকাল ২ ঘটিকা পর্যন্ত।

৩। <u>ভর্তি পরীক্ষার বিষয় সমূহ, তারিখ ও সময় ঃ—</u>

| <u>লিখিত পরীক্ষা ঃ—</u> | <u>১৯শে নভেম্বর '৮৩ (শনিবার)</u> |
|---|---|
| (ক) গণিত—৩০ নম্বর | ঃ ১ম দল সকাল ৯টা হইতে ১২টা পর্যন্ত। |
| (খ) পদার্থ বিজ্ঞান—৩০ নম্বর | ঃ ২য় দল দুপুর ১২টা হইতে বিকাল ৩টা পর্যন্ত। |
| (গ) রসায়ন বিজ্ঞান—৩০ নম্বর | ঃ |
| (ঘ) ইংরেজী (ফাংশনাল)—১০ নম্বর। | |
| মোট—১০০ নম্বর। | |

উপরোক্ত পরীক্ষা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ, এস, সি) পরীক্ষার সিলেবাস অনুযায়ী হবে। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদিগকে প্রয়োজনীয় উত্তর পত্র দেয়া হবে। কেবল তারা কলম, পেনসিল সঙ্গে আনতে হবে।

৪। বোর্ড পরীক্ষায় গ্রেস নম্বর বাদে (এইচ, এস, সি) এ প্রাপ্ত মোট নম্বরের ১০% লিখিত পরীক্ষার ফলাফলের সহিত যোগ করিয়া মেধা অনুসারে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা ক্রমিক নং সহ দেয়া হবে এবং স্বাস্থ্য পরীক্ষা ছাড়া ফলাফল ঘোষণার তারিখ ২৯শে নভেম্বর মঙ্গলবার।

৫। <u>ভর্তির নিয়মাবলী :—</u>

(ক) উপরোক্তভাবে নির্বাচিত প্রার্থীদের মূল সার্টিফিকেট এবং মার্কসীট নিম্নস্বাক্ষরকারীর অফিসে নির্দিষ্ট ব্যক্তির নিকট ৪ঠা ডিসেম্বর '৮৩ রবিবার জমা দিতে হবে।

(খ) মার্কসীট এবং সার্টিফিকেট নিরীক্ষা করার পর প্রার্থীদেরকে ১১ই ডিসেম্বর '৮৩ (রবিবার) বেলা ৯ (নয়) ঘটিকার সময় ডাক্তারী পরীক্ষার জন্য হাজির থাকতে হবে। প্রত্যেক প্রার্থীকে ডাক্তারী পরীক্ষার ফিস হিসাবে ২০/- (বিশ) টাকা জমা দিতে হবে।

(গ) ডাক্তারী পরীক্ষার পর ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের তালিকা ভর্তি কমিটির চেয়ারম্যানের অনুমোদনক্রমে ১২ই ডিসেম্বর '৮৩ (সোমবার) ১০টার সময় দেয়া হবে। এবং ঐদিনই ভর্তির কাজ শুরু করা হবে। ভর্তি হইতে আনুমানিক ৪০০/- (চারি শত) টাকা লাগবে।

৬। ভর্তির ব্যাপারে বিস্তারিত জানার জন্য অত্র কলেজের রেজিষ্ট্রারের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভর্তির ব্যাপারে সব ফলাফল নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে।

৭। এখানে উল্লেখ থাকে যে, ১৯৮৪ সনের এপ্রিলের পূর্বে ক্লাস শুরু করা সম্ভব হবে না।

ছাত্রাবাস সম্পর্কে জ্ঞাতব্য ঃ—

কলেজ সংলগ্ন ছাত্রাবাসে আসনের অভাব হেতু, ছাত্রদিগকে অন্যত্র থাকার নিজ নিজ ব্যবস্থা করতে হবে। মহিলাদের জন্য ... ছাত্রীবাস নাই।

... —মোট আসন সংখ্যার মধ্যে উপযুক্ত উপজাতীয় প্রার্থীর ... জন্য ১টি আসন সংরক্ষিত থাকিবে। তবে আবেদনকারী... র তাদের দাবীর সপক্ষে প্রমাণাদি অবশ্যই দাখিল ... ত হবে। ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্ত ... বলে গণ্য করতে হবে।

(নিতাই চন্দ্র সূত্রধর),
ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
...জ অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এণ্ড টেকনোলজি,
তেজগাঁও, ঢাকা—৮।

...২-৯)